

রাজউক উত্তরা কলেজে শতভাগ পাস, ৯৭ শতাংশ জিপিএ-৫

নিজস্ব প্রতিবেদক

১২ মে, ২০২৪ ১১:৫৪

শেয়ার

অ +

অ -



ছবি : কালের কণ্ঠ

বিগত বছরগুলোর ধারাবাহিকতায় চলতি বছরও মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষায় শতভাগ পাস করেছে রাজউক উত্তরা মডেল কলেজের শিক্ষার্থীরা। তবে বেড়েছে জিপিএ-৫ প্রাপ্ত শিক্ষার্থীর হার। এই শিক্ষা প্রতিষ্ঠান থেকে এবছর এসএসসি পরীক্ষা দিয়েছে ৭৮০ জন শিক্ষার্থী। শতভাগ পাসের পাশাপাশি জিপিএ-৫ অর্জন করেছে ৭৫৮ জন শিক্ষার্থী।

অর্থাৎ পরীক্ষার্থীদের মধ্যে জিপিএ-৫ পাওয়া শিক্ষার্থীদের হার ৯৭.১৮ শতাংশ। যা গতবছর ছিল ৯৪ শতাংশ।

আজ রবিবার সারাদেশে একযোগে এসএসসি-২০২৪ ও সমমান পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে। সকাল ১১ টা থেকে নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠানের নোটিশ বোর্ডে ফলাফল দেখতে পারছেন শিক্ষার্থীরা।

এদিকে সকাল থেকেই বিদ্যালয় প্রাঙ্গনে জড়ো হতে থাকে ফলাফল প্রত্যাশি শিক্ষার্থীরা। নোটিশ বোর্ডে ফলাফল দেখে উল্লাসে মেতে ওঠে তারা। কেউ কোলাকুলি করছে, কেউ আবার সহপাঠীদের কাধে নিচ্ছে। ঢোল পিটিয়েও শিক্ষার্থীদের উৎসব করতে দেখা যায়।

শিক্ষার্থীদের এমন কলাহলে সরব ছিল শিক্ষা প্রতিষ্ঠানটি। শুধু শিক্ষার্থী নয়, এই আনন্দ উপভোগ করতে হাজির হয়েছেন অভিভাবকরাও।

শিক্ষার্থী সামিয়া জাহান কালের কণ্ঠকে জানায়, ওয়েবসাইটে এবং মোবাইলে মেসেজ দিয়েও ফলাফল জানা যায়। তবে মাধ্যমিক শিক্ষাজীবনের শেষ দিনটিকে উদযাপন করতে বিদ্যালয়ে এসেছি।

অপর এক শিক্ষার্থী মোজাম্মেল হক কালের কণ্ঠকে জানায়, সহপাঠীদের সঙ্গে আনন্দ ভাগাভাগি করতেই সবাই বিদ্যালয়ে এসেছে।

রাজউক উত্তরা মডেল কলেজ সূত্রে জানা যায়, মোট শিক্ষার্থীর মধ্যে বিজ্ঞান বিভাগ থেকে পরীক্ষা দিয়েছে ৭২১ জন। এসব শিক্ষার্থীর ৭০৮ জন জিপিএ ফাইভ পেয়েছে। অন্যদিকে ব্যবসায় শিক্ষা বিভাগ থেকে ৪৯ জন পরীক্ষার্থীর মধ্যে জিপিএ-৫ পেয়েছে ৫০ জন। অর্থাৎ বিজ্ঞানের জিপিএ-৫ এর হার ৯৮.২০ শতাংশ এবং ব্যবসায় শিক্ষায় জিপিএ-৫ এর হার ৮৪.৭৫ শতাংশ।